গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

# কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ সালাহ্উদ্দিন, জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ২৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ, সকাল : ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য- সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে মাঠে চাষযোগ্য বিভিন্ন হাইব্রিড জাতের শীতকালীন সবজি বীজ , সার ও নগদ অর্থ সহায়তা বাবদ কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে প্রণোদনা কর্মসূচির ০১টি বরাদ্দ পাওয়া গিয়েছে । কর্মসূচি বাস্তবায়নের জন্য কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখা এর স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.২৪৬, তারিখ : ১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রি: মূলে কক্সবাজার জেলায় সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে ৮ ধরনের শীতকালীন সবজি বীজ, সার ও নগদ অর্থ সহায়তা বাবদ৩,৮৬,৪১,২০০/- (তিন কোটি ছিয়াশি লক্ষ একচল্লিশ হাজার দুইশত) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায় (পতাকা-গোলাপী)।

## বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়

**সিদ্ধান্ত নং-১ ঃ** কক্সবাজার জেলায় খরিপ-২ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ উপজেলার কৃষকের মাঝে উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক উপবরাদ্দ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন) |
|---|---|---|
| ১ | চকরিয়া | ৩৫০০ |
| ২ | পেকুয়া | ২০০০ |
| ৩ | রামু | ১৫০০ |
| ৪ | সদর | ১৫০০ |
| ৫ | উখিয়া | ৫০০ |
| ৬ | টেকনাফ | ১০০০ |
| ৭ | মহেশখালী | ১০০০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০০ |
| ৯ | ঈদগাঁও | ৫০০ |
| | মোট | ১২০০০ |

**জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল ঃ শীতকালীন সবজি**

| ক্র নং | উপকরণ/খাত | কৃষক প্রতি/বিঘা প্রতি উপকরণ সহায়তা (কেজি) | কৃষক প্রতি/বিঘা প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
|---|---|---|---|
| ১ | বীজ | ০.০৪০ | ১৮০০ |
| ২ | ডিএপি সার | ১০ | ১৯০ |
| ৩ | এমওপি সার | ১০ | ১৮০ |
| ৪ | নগদ সহায়তা | - | ১০০০ |
| | মোট | ২০.০৪ | ৩১৭০ |

ফসল : শীতকালীন সবজি

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | নগদ সহায়তা (চারা উৎপাদন ও রোপন বাবদ) | মোট (টাকা) (৮+৯+১০) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | চকরিয়া | ৩৫০০ | ৬৩০০০০০ | ৬৬৫০০০ | ৬৩০০০০ | ১২৯৫০০০ | ১০৫২১০ | ৭০১৪০ | ৩৫০০০০০ | ৩৬৭৫৩৫০ | ১১২৭০৩৫০ |
| ২ | পেকুয়া | ২০০০ | ৩৬০০০০০ | ৩৮০০০০ | ৩৬০০০০ | ৭৪০০০০ | ৬০১২০ | ৪০০৮০ | ২০০০০০০ | ২১০০২০০ | ৬৪৪০২০০ |
| ৩ | রামু | ১৫০০ | ২৭০০০০০ | ২৮৫০০০ | ২৭০০০০ | ৫৫৫০০০ | ৪৫০৯০ | ৩০০৬০ | ১৫০০০০০ | ১৫৭৫১৫০ | ৪৮৩০১৫০ |
| ৪ | সদর | ১৫০০ | ২৭০০০০০ | ২৮৫০০০ | ২৭০০০০ | ৫৫৫০০০ | ৪৫০৯০ | ৩০০৬০ | ১৫০০০০০ | ১৫৭৫১৫০ | ৪৮৩০১৫০ |
| ৫ | উখিয়া | ৫০০ | ৯০০০০০ | ৯৫০০০ | ৯০০০০ | ১৮৫০০০ | ১৫০২০ | ১০০৩০ | ৫০০০০০ | ৫২৫০৫০ | ১৬১০০৫০ |
| ৬ | টেকনাফ | ১০০০ | ১৮০০০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ৩০০৬০ | ২০০৪০ | ১০০০০০০ | ১০৫০১০০ | ৩২২০১০০ |
| ৭ | মহেশখালী | ১০০০ | ১৮০০০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ৩০০৬০ | ২০০৪০ | ১০০০০০০ | ১০৫০১০০ | ৩২২০১০০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০০ | ৯০০০০০ | ৯৫০০০ | ৯০০০০ | ১৮৫০০০ | ১৫০২০ | ১০০৩০ | ৫০০০০০ | ৫২৫০৫০ | ১৬১০০৫০ |
| ৯ | ঈদগাঁও | ৫০০ | ৯০০০০০ | ৯৫০০০ | ৯০০০০ | ১৮৫০০০ | ১৫০৩০ | ১০০২০ | ৫০০০০০ | ৫২৫০৫০ | ১৬১০০৫০ |
| | মোট | ১২০০০ | ২১৬০০০০০ | ২২৮০০০০ | ২১৬০০০০ | ৪৪৪০০০০ | ৩৬০৭০০ | ২৪০৫০০ | ১২০০০০০০ | ১২৬০১২০০ | ৩৮৬৪১২০০ |

**সিদ্ধান্ত নং-২:** ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত নং-৩:** খরিপ-২ মৌসুমে অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক মাঠে সবজি চাষের জন্য ৮ ধরণের শীতকালীন সবিজির হাইব্রিড জাতের বীজ ৪০ গ্রাম (টমেটো ৩ গ্রাম. মিষ্টি কুমড়া ১০ গ্রাম, লাউ ৫ গ্রাম. মরিচ ৫ গ্রাম , ব্রকোলি ২ গ্রাম, বেগুন ৫ গ্রাম, ফুলকপি ৫ গ্রাম. বাঁধাকপি ৫ গ্রাম) সার ২০ কেজি (ডিএপি ১০ কেজি এবং এমওপি ১০ কেজি) এবং বীজ বপন বাবদ নগদ সহায়তা ১০০০ টকা পাবে। উপকরণ সহায়তা ও নগদ অর্থ সহায়তা নগদ/বিকাশ/রকেট অথবা যেকোন মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে বিতরণ করে মাস্টাররোলে সংরক্ষণ করতে হবে। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপরকণ সহায়তা ও নগদ অর্থ সহায়তা প্রদান করা যাবে।

**সিদ্ধান্ত নং-৪:** এ কর্মসূচির আওতায় সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মান সম্পন্ন প্রয়োজনীয় বিভিন্ন জাতের সবজির হাইব্রড জাতের বীজ সংযুক্ত জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী টমেটো ৩ গ্রাম. মিষ্টি কুমড়া ১০ গ্রাম, লাউ ৫ গ্রাম. মরিচ ৫ গ্রাম , ব্রকোলি ২ গ্রাম, বেগুন ৫ গ্রাম, ফুলকপি ৫ গ্রাম. বাঁধাকপি ৫ গ্রাম পরিমাণ বীজ সরকারি বিধি মোতাবেক ক্রয়পূর্বক কৃষক পর্যায়ে বিতরণ করতে হবে। বিএডিসি কর্তৃক প্রয়োজনীয় বীজ সরবরাহ করতে না পারলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহেদয়ের অনুমোদন নিয়ে বিভিন্ন সবজির বিঘা প্রতি কাঙ্খিত ফলনের এলাকা উপযোগী ও সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষপূর্বক মানসম্পন্ন হাইব্রিড জাতের বীজ প্রতিষ্টিত বেসরকারি প্রতিষ্টান/আমদানিকারক/বীজ ডিলারের নিকট হতে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

**সিদ্ধান্ত নং-৫:** জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক শীতকালীন সবজি বীজ, সার ও নগদ সহায়তা বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের নিকট উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৬:** বীজ, সার ও নগদ সহায়তা ও আনুষাঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ ও এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারদের নিশ্চিত করতে হবে।

সভাপতি বীজ, সার ও নগদ সহায়তা বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০১/২০২৪

মোহাম্মদ সালাহ্‌উদ্দিন
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২০ ৬৫২

তারিখ ঃ ২৮/০১/২০২৪খ্রি:

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১-৯। উপজেলা নির্বাহী অফিসার, ...................... (সকল), কক্সবাজার

১০-১৮। উপজেলা কৃষি অফিসার, ....................... (সকল), কক্সবাজার

১৯-২০। সিনিয়র সহকারী পরিচালক(বীজ)/ উপসহকারী পরিচালক(সার) বিএডিসি ,কক্সবাজার। আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনিত বাহক মারফত প্রণোদনার প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা

২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা
দৃষ্টি আকর্ষণঃ ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা

৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম

৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার

৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার

৬। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার

৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার

৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, কক্সবাজার

৯। অফিস নথি

২৮/০১/২০২৪

ড. বিমল কুমার প্রামানিক
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।